



স্মারক নং-ধবিম/হ:শা:/৪-৪১৪/২০১৩-৩৮৫

তারিখ: ০৬ কার্তিক ১৪২৭ বঙ্গাব্দ
২২ অক্টোবর ২০২০ খ্রিস্টাব্দ

বিষয়ঃ কারণ দর্শানোর নোটিশ

যেহেতু আপনি ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের অনুমোদিত বেসরকারি ব্যবস্থাপনার হজ পরিচালনাকারী হিসেবে দারুস সালাম ট্রাভেলস এন্ড ট্যুরস (হজ লাইসেন্স নং-৯২৭), রহমানিয়া কমপ্লেক্স, রুম নং-৪ (৯ম তলা), ২৮/এ/এ, টয়েনবি সার্কুলার রোড, মতিঝিল, ঢাকা এর স্বত্বাধিকারী হিসেবে দায়িত্ব পালন করছেন; এবং

০২। যেহেতু আপনি বেসরকারি ব্যবস্থাপনায় হজ যাত্রী প্রেরণের বিষয়ে ধর্ম বিষয়ক মন্ত্রণালয় বরাবর জাতীয় হজ ও ওমরাহ নীতি-২০১৯ এ বর্ণিত শর্তাদি পালনে অঙ্গীকারাবদ্ধ ছিলেন; এবং


০৩। যেহেতু আপনার এজেন্সির বিরুদ্ধে জনাব মোয়াজ্জেম হোসাইন, প্রাক্তন নির্বাহী পরিচালক এবং হিসাব নিয়ন্ত্রক, জিআইসি বিনিয়োগ গ্রুপ, নুট্রা, টরন্টো, কানাডা (ফোন: ০০১-৬৪৭-২৮৫-৪৩৯৩) নিম্নরূপ অভিযোগ দাখিল করেন:

“ মসজিদুল হারাম এর ১০০ গজ এর মধ্যে রাখার কথা থাকলেও আধা মাইল দূরে রেখেছে, খাবার সরবরাহ বন্ধ করে দেয়া হয় এবং প্রতিশ্রুতি মোতাবেক অর্থ প্রদান করেনি, হোটেলে লাগেজ বহনের জন্য কোন অর্থ প্রদান করেনি, হজ পালনে দেখা শূনা করা হয়নি এবং হোটেল কক্ষের জন্য বেশি টাকা নেয়া হয়েছে। তাছাড়া অমানবিক ও সীমাহীন কষ্ট, খারাপ আচরণ এবং প্রতারণা করেছেন।” এবং

০৪। যেহেতু আপনার এজেন্সির বিরুদ্ধে উত্থাপিত অভিযোগটি তদন্ত কমিটি-১ তদন্ত করেছেন এবং তদন্ত প্রতিবেদনে শাস্তির সুপারিশ করেছেন ; এবং

০৫। যেহেতু আপনার এ ধরনের কার্যক্রমের ফলে জাতীয় হজ ও ওমরাহ নীতি ২০১৯ এর ২৪.১ এ বর্ণিত শাস্তির কারণসমূহ বিদ্যমান রয়েছে;

০৬। সেহেতু জাতীয় হজ ও ওমরাহ নীতি ২০১৯ এর ২৪.২ অনুযায়ী আপনার পরিচালিত দারুস সালাম ট্রাভেলস এন্ড ট্যুরস (হজ লাইসেন্স নং-৯২৭) এর বিরুদ্ধে কেন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে না তার জবাব আগামী ০৭ (সাত) দিনের মধ্যে নিজে অথবা ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির মাধ্যমে লিখিতভাবে অথবা ই-মেইল (morahajsection@gmail.com)-এ প্রেরণ করা জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


২২.১০.২০২০

আবুল কাশেম মুহাম্মদ শাহীন
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৮৪৩২২
e-mail: morahajsection@gmail.com

জনাব মোঃ খালেদ সাইফুল্লাহ
স্বত্বাধিকারী/ব্যবস্থাপক
দারুস সালাম ট্রাভেলস এন্ড ট্যুরস (হজ লাইসেন্স নং-৯২৭)
রহমানিয়া কমপ্লেক্স, রুম নং-৪ (৯ম তলা)
২৮/এ/এ, টয়েনবি সার্কুলার রোড, মতিঝিল, ঢাকা

স্মারক নং- ধবিম/হ:শা:/৪-৪১৪/২০১৩-৩৮৫


তারিখ: ২২.১০.২০২০ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২. সিনিয়র সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. পরিচালক, হজ অফিস, আশকোনা, বিমানবন্দর, ঢাকা।
৪. কাউন্সেলর (হজ), বাংলাদেশ হজ অফিস, জেদ্দা, সৌদি আরব।
৫. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

(অপর পৃষ্ঠায় দৃষ্টব্য)

৬. সিস্টেমস এনালিস্ট, আইসিটি শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (www.mora.gov.bd ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৭. অতিরিক্ত সচিব (হজ) এর ব্যক্তিগত কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮. সভাপতি/মহাসচিব, হজ এজেন্সীজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), সান্তারা সেন্টার, নয়াপল্টন, ঢাকা।
৯. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লিমিটেড, ১২ কাওরান বাজার, ঢাকা (www.hajj.gov.bd ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১০. জনাব মোয়াজ্জেম হোসাইন, প্রাক্তন নির্বাহী পরিচালক এবং হিসাব নিয়ন্ত্রক, জিআইসি বিনিয়োগ গ্রুপ, নুট্রা, টরন্টো, কানাডা (ফোন: ০০১-৬৪৭-২৮৫-৪৩৯৩)।
১১. অফিস কপি।


২২.১০.২০২০

আবুল কাশেম মুহাম্মদ শাহীন
সিনিয়র সহকারী সচিব